গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডেপুটি পোস্টমাস্টার জেনারেল এর কার্যালয়
সিলেট বিভাগ, সিলেট-৩১০০
www.post.sylhetdiv.gov.bd

"ডাক সেবার আধুনিকায়ন
গ্রাম-শহরের সম্মিলন"

স্মারক নম্বরঃ ১৪.৩১.৯১০০.৫৫৮.১১.০১০.২৪

তারিখঃ ৮ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
২১ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

# 'উদ্যোক্তা নিয়োজন/ নিযুক্তি বিজ্ঞপ্তি'

গোলাপগঞ্জ উপজেলা ডাকঘরের স্মার্ট পোস্টাল সার্ভিস পয়েন্ট-এ উদ্যোক্তা হিসেবে দায়িত্ব পালনের জন্য ১ জন নারী এবং ১ জন পুরুষ অস্থায়ী ভিত্তিতে নিযুক্তি/নিয়োজনের লক্ষ্যে গোলাপগঞ্জ উপজেলায় বসবাসরত নাগরিকগণের নিকট হতে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নম্বর | পদের নাম | উপজেলার নাম | পদের সংখ্যা | প্রার্থীর যোগ্যতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | উদ্যোক্তা (লেটার রাইটার ) স্মার্ট পোস্টাল সার্ভিস পয়েন্ট | গোলাপগঞ্জ, সিলেট | ২ জন (১ জন নারী এবং ১ জন পুরুষ) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে নূন্যতম উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার পরিচালনা , নাগরিক সেবা প্রদানের বাস্তব অভিজ্ঞতা ও তথ্য প্রযুক্তি সম্পর্কে দক্ষতা;<br>(গ) নিজ খরচে 'স্মার্ট পোস্টাল সার্ভিস পয়েন্ট' এর জন্য প্রয়োজনীয় উপকরণ (কম্পিউটার, ল্যাপটপ, প্রিন্টার, স্ক্যানার ইত্যাদি), যন্ত্রপাতি এবং আসবাবপত্র ক্রয় করার সামর্থ্য;<br>(ঘ) স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে প্রযুক্তি নির্ভর ডিজিটাল সেবা ও আর্থিক অন্তর্ভুক্তিমূলক সেবা কার্যক্রম পরিচালনার সক্ষমতা থাকতে হবে;<br>(ঙ) কম্পিউটার চালনায় MS Office এ পারদর্শী হতে হবে।<br>(চ) রাষ্ট্র বিরোধী বা ফৌজদারী অপরাধের অভিযোগমুক্ত হতে হবে;<br>(ছ) পূর্বে জনবান্ধব সেবা প্রদানকারী এবং অভিজ্ঞদের অগ্রাধিকার প্রদান করা হবে।<br>(জ) কম্পিউটার বিষয়ক কোন প্রশিক্ষণ কোর্সধারীরা (সনদ বাধ্যতামূলক) এ ক্ষেত্রে অগ্রাধিকার পাবে। | |

## শর্তাবলী:

০১। আবেদন শুরুর তারিখ: ২৫ এপ্রিল ২০২৪ খ্রি. এবং আবেদনের শেষ তারিখ: ০২ মে ২০২৪ খ্রি. দিবাগত রাত ১১.৫৯।
(আবেদন লিংক- http://bdpost.eksheba.gov.bd/)।

০২। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক এবং স্থানীয় বাসিন্দা (পোস্ট কোডের আওতাধীন ওঅত্র এলাকায় নূন্যতম ৫বছর বসবাসরত) হতে হবে।

০৩। প্রার্থীর বয়স জানুয়ারি, ২০২৪ খ্রি. তারিখে নূন্যতম ১৮ হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেবিট গ্রহণ যোগ্য নয়।

০৪। অনলাইনে আবেদনের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবে।

ক) অনলাইন জন্মসনদ এবং সকল শিক্ষাগত ও অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি।

খ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদপত্র এবং উদ্যোক্তা কর্তৃক কোনো প্রকার অনিয়ম/বিশৃংখল আচরণের ক্ষেত্রে দায়-দায়িত্ব নিবেন এই মর্মে অত্র এলাকায় স্থায়ীভাবে বসবাসরত গণ্যমান্যব্যক্তি/নিকট আত্মীয়র নিকট হতে প্রত্যয়নপত্র।

গ) সদ্যতোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি;

চলমান পাতা-২

০৫। নিয়োগ পরীক্ষা লিখিত, ব্যবহারিক (কম্পিউটার) এবং মৌখিক যা, অনলাইনে অনুষ্ঠিত হবে। প্রার্থীকে নির্বাচনী (লিখিত, ব্যবহারিক (কম্পিউটার) এবং মৌখিক) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবেনা।

০৬। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকালে নাগরিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, অভিজ্ঞতার সনদ, কম্পিউটার পারদর্শীতার সনদ সম্পর্কিত প্রমাণক সনদ পত্রের মূলকপি অবশ্যই প্রদর্শন করতে হবে।

০৭। ইতোমধ্যে বিদ্যমান দক্ষ, সৎ, যোগ্য এবং উদ্যোক্তা হিসেবে সাফল্যের গল্প আছে এমন উদ্যোক্তাগণকে অগ্রাধিকার দেয়া হবে।

০৮। উদ্যোক্তা হিসেবে নিযুক্ত/নিয়োজনের বিষয়ে কোন প্রকার প্রত্যক্ষ বা পরোক্ষ তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।

৯। কোন কারন দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এবং কমিটি এ নিযুক্তি কার্যক্রম স্থগিত, শর্ত পরিবর্তন, সংযোজন এবং বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। এছাড়াও আবেদন বাছাই ও নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১০। স্মার্ট পোস্টাল সার্ভিস পয়েন্ট এর উদ্যোক্তার পদটি সরকারি/আউটসোর্সিং/অন্য কোনো চাকুরির পদ না। এমনকি উদ্যোক্তার পদকে স্থায়ী বা সরকারিকরণের জন্য ভবিষ্যতে কোনো আবেদন বা অন্য কোনো পদক্ষেপ গ্রহণ করা যাবেনা।

১১। উদ্যোক্তা হিসেবে নিযুক্তির পর উদ্যোক্তার কার্যক্রম/আচরণে কোনো প্রকার অসংগতি লক্ষ্য করা গেলে উদ্যোক্তা নিযুক্তিকরণ/নিয়োজনকারী কর্মকর্তা উদ্যোক্তা নিযুক্তির আদেশ বাতিল করতে পারবেন।

১২। স্মার্ট পোস্টাল সার্ভিস পয়েন্ট-এ উদ্যোক্তা হিসেবে দায়িত্ব পালনের জন্য সরকারের পক্ষ থেকে কোনো প্রকার বেতন/ভাতা/সম্মানী ইত্যাদি প্রদান করা হবে না। গ্রাহক সাধারণকে সেবা প্রদান বাবদ প্রাপ্ত আয় সংশ্লিষ্ট নীতিমালা অনুযায়ী গ্রহণ করবেন।

১৩। পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষার অনলাইন লিংক পরবর্তীতে প্রার্থীর ই-মেইলে জানানো হবে।

(স্বাক্ষরিত)
(মলয় কান্তি সরকার)
পোস্ট অফিস পরিদর্শক
পূর্ব উপ-বিভাগ, সিলেট-৩১০০
মোবাইল:০১৭২৪-০৩৩৩১৮
Email: moloysarker750@gmail.com
এবং
সদস্য সচিব
উদ্যোক্তা নিযুক্তি/ নিয়োজন ও
"স্মার্ট পোস্টাল সার্ভিস পয়েন্ট" বাস্তবায়ন কমিটি।

সদয় জ্ঞাতার্থে এবং বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলোঃ-(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। পোস্টমাস্টার জেনারেল, পূর্বাঞ্চল, চট্টগ্রাম-৪১০০।
২। জেলা প্রশাসক, সিলেট।
৩। ডেপুটি পোস্টমাস্টার জেনারেল, সিলেট বিভাগ, সিলেট।
৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা, গোলাপগঞ্জ উপজেলা, সিলেট।
৫। উপজেলা চেয়ারম্যান, গোলাপগঞ্জ উপজেলা, সিলেট।
৬। সভাপতি/সাধারণ সম্পাদক,গোলাপগঞ্জ উপজেলা প্রেসক্লাব, সিলেট।
৭। তথ্য অফিসার, গোলাপগঞ্জ উপজেলা, সিলেট।
৮। চেয়ারম্যান (সকল),গোলাপগঞ্জ উপজেলা, সিলেট।
৯। পরিদর্শক (প্রশাসন), সিলেট বিভাগীয় অফিস, সিলেট। তথ্য বাতায়নের নোটিশ বোর্ডে আপলোডের জন্য।
১০। উপজেলা পোস্টমাস্টার, গোলাপগঞ্জ উপজেলা ডাকঘর, সিলেট।
১১। ইউপি সচিব (সকল), গোলাপগঞ্জ উপজেলা, সিলেট।
১২। নোটিশ বোর্ড.........................................................কার্যালয়।
১৩। অফিস কপি ।

২৭/০৮/২০২৪

পোস্ট অফিস পরিদর্শক
পূর্ব উপ-বিভাগ, সিলেট
এবং
সদস্য সচিব
উদ্যোক্তা নিযুক্তি/ নিয়োজন ও
"স্মার্ট পোস্টাল সার্ভিস পয়েন্ট" বাস্তবায়ন কমিটি।